

সরকারি গাছ নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

সরকারি গাছ বিক্রয় নিলাম কমিটির সভাপতির সম্মতিতে এতদ্বারা করাতকল ব্যবসায়ী/ কাঠ ব্যবসায়ী এবং সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তফসিল বর্ণিত মৌজায় অবস্থিত 'ছকে' বর্ণিত সরকারি রাস্তায় অবস্থিত নিম্নবর্ণিত গাছসমূহ বর্ণিত শর্তে উন্মুক্ত ডাকে নিলামে বিক্রয় করা হবে। অত্রহী ক্রেতাদের-কে আগামী ১৭/০১/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর মহোদয়ের সভাকক্ষে উপস্থিত হয়ে উন্মুক্ত ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। জামানতস্বরূপ নগদ ১০,০০০/- টাকা জমা দিয়ে (ফেরতযোগ্য) ডাকে অংশ গ্রহণ করতে হবে।

সরকারি গাছের বিবরণ

ক্রমিক নং	ইউনিয়ন	অবস্থান	গাছের বিবরণ	কাঠের পরিমাণ (ঘনফুট)	লাকড়ীর পরিমাণ (ঘনফুট)	মন্তব্য
১.	সালুয়া	নাপিতখালী ব্রিজ	রেইনট্রি গাছ ০৬(ছয়)টি	৩৩১.০৫ ঘনফুট	২১৫ ব:ফুট	
২	কড়ই গাছ ০১(এক)টি	৪.৫০ ঘনফুট	৫ ঘনফুট	
৩	রামদী	পীরপুর	রেইনট্রি গাছ ০১(এক)টি	৪৫.০৬ ঘনফুট	৮০ ঘনফুট	
৪	কুলিয়ারচর	কুলিয়ারচর- বাজিতপুর রাস্তা বড়খারচর	রেইনট্রি গাছ ০২(দুই)টি	৬৬.৪৬ ঘনফুট	১৩০ ঘনফুট	
৫	কুলিয়ারচর	কাঞ্চন মেম্বারের বাড়ী সংলগ্ন বড়খারচর	রেইনট্রি গাছ ০২(দুই)টি	৭৮.০৭ ঘনফুট	১২০ ঘনফুট	
৬	কুলিয়ারচর	নোয়াগাও বেপারী	রেইনট্রি গাছ ০২টি বিবিধ	২৫৫.৩৪ ঘনফুট	৫০ ঘনফুট	
				৭৮০.৪৮ ঘনফুট	৬০০ ঘনফুট	

শর্তসমূহ :

গাছ গুলো যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয় করা হবে (প্রয়োজনবোধে ডাকের পূর্বে সরেজমিনে দেখে নেয়া যেতে পারে)।
বিক্রয় মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর চালানো জমা দিতে হবে।

ডাকে অংশগ্রহণকারীকে ১০০০০/- টাকা নগদ জামানত দিতে হবে যা পরবর্তীতে সমন্বয় করা হবে।
দরপত্র অনুমোদন হলে ক্রেতাকে তাৎক্ষণিক সাকুল্য টাকা জমা দিয়ে ০৭(সাত)দিনের মধ্যে নিজ খরচে গাছ কর্তন করে নিবেন।

দরদাতা কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(ফারজানা আলম)

উপজেলা নির্বাহী অফিসার ও

সভাপতি

উপজেলা সরকারি গাছ বিক্রয় নিলাম কমিটি

কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

তারিখঃ- ০২/০১/২০২৪খ্রি.

স্মারক নং- ৩১.৪১.৪৮৫৪.০০১.০২.০০৩.২২- (১২)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো -

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৪. মেয়র, কুলিয়ারচর পৌরসভা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৪. উপজেলা বন কর্মকর্তা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৫. উপজেলা প্রকৌশলী, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সালুয়া, রামদী, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস, কুলিয়ারচর, সালুয়া, কুলিয়ারচর কিশোরগঞ্জ।

৮.....

সর্বসাধারণের অবগতির জন্য বহুল প্রচারের ব্যবস্থা করা।

০২/০১/২০২৪
(সহকারী কমিশনার (ভূমি))

ও

সদস্য-সচিব

উপজেলা সরকারি গাছ বিক্রয় নিলাম কমিটি
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।